



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 1st Semester Supplementary Examination, 2021

BNGACOR02T-BENGALI (CC2)

বাংলা সাম্মানিক

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ৩০০ হবে)

একক - ১

- (ক) বৈষ্ণব পদাবলী বৈষ্ণব ধর্ম ও তত্ত্বের রসভাষ্য — আলোচনা করো। ১০

অথবা

- (খ) ‘পূর্বরাগ’ কাকে বলে ? তোমাদের পাঠ্যতালিকার অন্তর্গত “সই কেবা শুনাইল শ্যাম নাম” - শীর্ষক পদটির কাব্যসৌন্দর্য আলোচনা করো। ৪+৬

একক - ২

- (গ) “আগমনী ও বিজয়ার পদগুলিতে ভক্তিভাব ছাপিয়ে বড় হয়ে উঠেছে মান-অভিমান ও হাসি-কান্নায় ভরা গার্হস্থ্যের মর্মস্পর্শী রূপ” — আলোচনা করো। ১০

অথবা

- (ঘ) ‘কেবল আসার আশা, ভবে আসা, আসা মাত্র হলো।’ - পদকর্তা কে ? কোন্ পর্যায়ে পদ ? পদটিতে কবি হৃদয়ের যে গভীর অনুভূতিটি ধরা পড়েছে সে-বিষয়ে লেখো। ১+১+৮

একক - ৩

- (ঙ) কবি মুকুন্দের চণ্ডীমঙ্গল কাব্যে ‘গ্রন্থোৎপত্তির কারণ’ অংশে প্রতিফলিত সমকালীন সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থার পরিচয় দাও। ১০

অথবা

- (চ) ‘বাঙালি নারীর চরিত্র হিসাবে কবি মুকুন্দের ফুল্লরা একেবারে অনবদ্য’ — আলোচনা করো। ১০

একক - ৪

- (ছ) ‘চৈতন্যভাগবত’ গ্রন্থের ‘আদিখণ্ড’ অনুসরণে চৈতন্য আবির্ভাবের কারণ নির্দেশ করো। ১০

অথবা

- (জ) ‘চৈতন্যভাগবত’-এর ‘আদিখণ্ড’ রচনায় বৃন্দাবন দাসের কৃতিত্ব বর্ণনা করো। ১০

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (শব্দসংখ্যা অনধিক ১৫০ হওয়া বাঞ্ছনীয়) ৫ × ২ = ১০
- (ক) “পরের ছাওয়াল পাইয়া মারেন আসেন ধাইয়া
শিশু বলি দয়া নাহি তার” ১+১+৩
— পদকর্তা কে ? কোন্ পর্যায়ের পদ ? উদ্ধৃত অংশের তাৎপর্য বিচার করো।
- (খ) “আমি কি হেরিলাম নিশি-স্বপনে!
গিরিরাজ, অচেতন কত না ঘুমাও হে!” ১+৪
— পদকর্তা কে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের কালকেতুর পিতা ও মাতার নাম কী ? ফুল্লরার পিতা ও মাতার নাম লেখো। ১+১+১+১+১
কালকেতু ও ফুল্লরার বিবাহের ঘটক কে ছিলেন ?
- (ঘ) “ভালমতে গিয়া শাস্ত্র বসিয়া পড়াও।
ব্যতিরিক্ত অর্থ কর মোর মাথা খাও॥” ১+১+৩
— কে, কাকে এই উক্তিটি করেছেন ? বক্তার এই কথা বলার কারণ কী ?

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—